গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-সহকারী পরিচালকের কার্যালয়
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
লালমনিরহাট।
www.fireservice.lalmonirhat.gov.bd

উপ-সহকারী পরিচালকের দপ্তরের ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ডিসেম্বর /২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ ওয়াদুদ হোসেন

উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স লালমনিরহাট, ও টিম প্রধান, নৈতিকতা ব্যবস্থাপনা কমিটি।

সভার তারিখ : ১৯/১২/২০২৩ খ্রিঃ।

সভার সময় : নৈতিকতা কমিটির সভা ১০.০০ হতে ১১.০০ ঘটিকা, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহনে সভা-১১.৩০ হতে ১৩.০০ ঘটিকা, সেবাপ্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করন সভা-১৪.০০ হতে ১৫.৩০ ঘটিকা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা-১৫.৩০ হতে ১৬.০০ ঘটিকা।

স্থান : উপ-সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, লালমনিরহাট।

উপস্থিতি : সভায় উপস্থিত কর্মকাতা/কর্মচারীগনের নামের তালিকাঃ ক পরিশিষ্ট।

উপ-সহকারী পরিচালক দপ্তরের নৈতিকতা কমিটির সদস্য ও অন্যান্যদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর ২০২৩-২০২৪ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে আলোচনা সাপেক্ষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ—

| ক্রঃনং | বিষয় | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | নৈতিকতা কমিটির সভা | ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি অনুযায়ী যে লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে তা যথা সময়ে অর্জন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক হতে হবে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের হট লাইন নম্বর প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইসলামিক ফাউন্ডেশনের এর সাথে সমন্বয়পূর্বক মসজিদের ইমাম ও মুয়াজ্জিনকে মৌলিক প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। পাটগ্রাম উপজেলায় অবস্থিত স্থল বন্দরে আগামী কোয়ার্টারে কমপক্ষে ০১টি মহড়া পরিচালনা করতে হবে। শিল্প প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠানে পরিদর্শন/সার্ভে কাযক্রম আনুপাতিক হারে সম্পন্ন হয়নি। বিধায় শিল্প প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠানে পরিদর্শন/সার্ভের লক্ষ্যমাত্রা অর্জনে গুরত্বপূর্ণ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক হতে হবে। | উপ-সহকারী পরিচালক তার আওতাধীন স্টেশন অফিসারের সহায়তায় |
| ০২ | সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করন সভা | ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সু সম্পন্ন করতে হবে। সিটিজেন চার্টার হালনাগাদ করতে হবে। সিটিজেন চার্টারে উল্লেখিত নাগরিক সেবা ও অভ্যন্তরীন সেবাসমূহ যথা সময়ে আন্তরিকতার সাথে সম্পন্ন করতে হবে। সেবা প্রদানের রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহিতার মতামত সংরক্ষণ করতে হবে। | উপ-সহকারী পরিচালক তার আওতাধীন স্টেশন অফিসারের সহায়তায় |
| ০৩ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা | সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদানের ক্ষেত্রে কোন নাগরিকের অভিযোগ থাকলে তা যথাসময়ে প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-সহকারী পরিচালক তার আওতাধীন স্টেশন অফিসারের সহায়তায় |
| ০৪ | ওয়েটসাইট হালনাগাদ করণ | ২০২৩-২০২৪ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার প্রত্যেক দপ্তরের সংশ্লিষ্ট ওয়েবসাইটের নির্ধারিত কন্টেন্টে ত্রৈমাসিক প্রতিবেদনসহ অন্যান্য কার্যক্রম নিদিষ্ট সময়ের | উপ-সহকারী পরিচালক তার আওতাধীন স্টেশন অফিসারের সহায়তায় |

| | | | |
|---|---|---|---|
| | | মধ্যে আপলোড করতে হবে। | |
| ০৫ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ | জানুয়ারি/২৪ মাস হতে পর্যায়ক্রমে প্রতিটি স্টেশনে শুদ্ধাচার বিষয়ক মত বিনিময় সভার আয়োজন করতে হবে। | উপ-সহকারী পরিচালক তার আওতাধীন স্টেশন অফিসারের সহায়তায় |
| ০৬ | স্থানীয় প্রশাসনের সহিত সৌহাদ্য পূর্ণ সম্পর্ক বজায় রাখা | স্থানীয় প্রশাসনের সহিত সৌহাদ্য পূর্ণ সম্পর্ক বজায় রেখে যে কোন ধরনের কাজ সুষ্ঠভাবে সম্পাদন করতে হবে | উপ-সহকারী ও লালমনিরহাট জেলার সকল স্টেশন অফিসারগন |

সভায় অন্য কোন আলোচনা না থাকায় প্রত্যেকের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে প্রতিপালন এবং গৃহীত সিদ্ধান্ত সমুহ যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

মোঃ ওয়াদুদ হোসেন
উপ-সহকারী পরিচালক
ফোন-০২৫৮৯৯৮৬৮২১
dadfirelal@gmail.com

স্মারক নং- ৫৮.০৩.৫৫৫২.০০৩.৩৫.০০৬.২১-১৬২২/৮ তারিখঃ ১৯/১২/২০২৩ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরন করা হলঃ-

০১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, অধিদপ্তর ঢাকা।

০২। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স রংপুর বিভাগ, রংপুর।

০৩। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স রংপুর।

০৪। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, লালমনিরহাট, পাটগ্রাম, হাতিবান্ধা, আদিতমারী ও কালীগঞ্জ।

মোঃ ওয়াদুদ হোসেন
উপ-সহকারী পরিচালক
ফোন-০২৫৮৯৯৮৬৮২১